

“মুজিববর্ষের অঙ্গীকার  
সুরক্ষিত হবে মানবাধিকার”



## জাতীয় মানবাধিকার কমিশন

বিটিএমসি ভবন (৯ম তলা), ৭-৯ কারওয়ান বাজার, ঢাকা-১২১৫  
পিএবিএক্স নম্বর: ৫৫০১৩৭২৬-২৮; হেল্প লাইন নম্বর: ১৬১০৮  
ওয়েবসাইট- [www.nhrc.org.bd](http://www.nhrc.org.bd), ই-মেইলঃ [info@nhrc.org.bd](mailto:info@nhrc.org.bd)



স্মারকঃ ৫৫.১২.০০০০.১০৭.৩২.০০৩.১৯-৩১২

তারিখঃ ২৪.০৬.২০২০

বিষয়: হবিগঞ্জ জেলার চুনাবুঘাট উপজেলার দারাগাঁও চা বাগানের এক সাঁওতাল কিশোরী ধর্ষণ সংক্রান্ত।

২২ জুন, ২০২০ তারিখ অনলাইন পত্রিকা কালের কণ্ঠে প্রকাশিত “হবিগঞ্জে দল বেঁধে সাঁওতাল কিশোরীকে ধর্ষণ” শীর্ষক সংবাদের প্রতি জাতীয় মানবাধিকার কমিশনের দৃষ্টি আকৃষ্ট হয়। সংবাদে উল্লেখ করা হয় যে, গত ১৬ জুন ২০২০ তারিখে হবিগঞ্জের চুনাবুঘাট উপজেলার দারাগাঁও চা বাগানের এক সাঁওতাল কিশোরী ও মিরপুর বালিকা উচ্চ বিদ্যালয়ের অষ্টম শ্রেণির ছাত্রীকে মুখে রুমাল গুজে ধর্ষণ করেছে চা বাগানের তিন যুবক। তাদের পাষবিক নির্যাতনে অসুস্থ হয়ে হবিগঞ্জ আধুনিক জেলাসদর হাসপাতালে ভর্তি আছে ওই সাঁওতাল কিশোরী।

০২। প্রকাশিত সংবাদে আরো উল্লেখ করা হয় যে, এ বিষয়ে এখন পর্যন্ত কোন মামলা হয়নি। দেশের এই করোনা মহামারির সময় এ ধরনের ঘটনা উদ্বেগজনক এবং মানবাধিকারের চরম লংঘন মর্মে কমিশন মনে করে। প্রকাশিত সংবাদের সত্যতা যাচাইঅন্তে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করে কমিশনে এ বিষয়ে দ্রুততার সাথে প্রতিবেদন প্রেরনের জন্য উপজেলা নির্বাহী অফিসার, চুনাবুঘাটকে আদিষ্ট হয়ে অনুরোধ করা হল।

উপজেলা নির্বাহী কর্মকর্তা  
চুনাবুঘাট, হবিগঞ্জ

কারী আরফান আশিক  
পরিচালক (প্রশাসন ও অর্থ)  
জাতীয় মানবাধিকার কমিশন

অনুলিপি (সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে):

০১। জেলা প্রশাসক, হবিগঞ্জ